# राजवाहनचरितम्

श्रुत्वा तु भुवनवृत्तान्तमुत्तमाङ्गना विस्मयविकसिताक्षी सस्मितमिदमभाषत—'दयित, त्वत्प्रसादादद्य मे चरितार्था श्रोत्रवृत्तिः। अद्य मे मनसि तमोऽपहस्त्वया दत्तो ज्ञानप्रदीपः। पक्कमिदानीं त्वत्पादपद्मपरिचर्याफलम्। अस्य च त्वत्प्रसादस्य किमुपकृत्य प्रत्युपकृतवती भवेयम्। अभवदीयं हि नैव किंचिन्मत्सम्बद्धम्।

● মূল —শ্রুত্বা তু ভুবনবৃত্তান্তমুত্তমাঙ্গনা বিস্ময়বিকসিতাক্ষী সস্মিতমিদমভাষত—'দয়িত ত্বৎপ্রসাদাদদ্য মে চরিতার্থা শ্রোত্রবৃত্তিঃ। অদ্য মে মনসি তমোঽপহস্ত্বয়া দত্তো জ্ঞানপ্রদীপঃ। পক্কমিদানীং ত্বৎপাদপদ্মপরিচর্যাফলম্। অস্য চ ত্বৎপ্রসাদস্য কিমুপকৃত্য প্রত্যুপকৃতবতী ভবেয়ম্। অভবদীয়ং হি নৈব কিঞ্চিৎ মৎসম্বদ্ধম্॥ ১॥

✪ **শব্দার্থ**—**ভুবনবৃত্তান্তম্** (সমস্ত পৃথিবীর গল্প) **শ্রুত্বা** (শুনে) **তু** (অনর্থক নিপাত) **উত্তমাঙ্গনা** (শ্রেষ্ঠানারী) **বিস্ময়বিকসিতাক্ষী** (বিস্ময়ে বিস্ফারিত নেত্রে) **সস্মিতম্** (মৃদুহাস্য করে) **ইদম্** (এই কথা) **অভাষত** (বলেছিল)—**দয়িত!** (হে প্রিয়তম) **ত্বৎপ্রসাদাৎ** (তোমার অনুগ্রহে) **অদ্য** (আজকে) **মে** (আমার) **চরিতার্থা** (সফল হয়েছে) **শ্রোত্রবৃত্তিঃ** (শ্রবণ ইন্দ্রিয়ের ক্ষমতা)। **অদ্য** (আজকে) **মে** (আমার) **মনসি** (মনে) **তমোঽপহঃ** (অজ্ঞান অন্ধকার বিনাশী) **ত্বয়া** (তুমি) **জ্ঞানপ্রদীপঃ** (জ্ঞানের প্রদীপ) **দত্তঃ** (দান করেছেন)। **ইদানীম্** (এখন) **ত্বৎপাদপদ্মপরিচর্যাফলম্** (তোমার পাদপদ্ম সেবার ফল) **পক্কম্** (পরিণতি লাভ করেছে)। **অস্য** (এই) **চ** (এবং) **ত্বৎপ্রসাদস্য** (তোমার অনুগ্রহের) **কিম্** (কি) **উপকৃত্য** (উপকার করে) **প্রত্যুপকৃতবতী ভবেয়ম্** (প্রত্যুপকারে সমর্থ হব?) **অভবদীয়ং** (আপনার নয় এমন) **হি** (অনর্থক অব্যয়) **নৈব** (নাই) **কিঞ্চিৎ** (কিছুই) **মৎসম্বদ্ধম্** (একান্ত আমার বলে)।

☆ **বঙ্গানুবাদ**—সেই শ্রেষ্ঠানারী (অবন্তিসুন্দরী) পৃথিবীর গল্প শুনে বিস্ময়-বিস্ফারিতনেত্রে মৃদুহাস্য যুক্ত মুখে বল্লেন—'ওহে প্রিয়! তোমার অনুগ্রহে আমার শ্রবণেন্দ্রিয় চরিতার্থ হল। আজ আমার মনে অজ্ঞান অন্ধকারবিনাশী জ্ঞানের প্রদীপ তুমি জ্বেলে দিয়েছ। তোমার পাদপদ্মসেবার ফল আজ পরিণত হয়েছে। কোন্ উপকার করে আমি এই অনুগ্রহের প্রতিদান করব? তোমার নয় এমন কিছুই আমার কাছে নেই।

★ **Eng. Trans.** Having heard the description of the worlds, the best lady (Avantisundari), with her eyes widened in wonder, said smilingly, "O

Scanned with CamScanner

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**১। রাজবাহনচরিতম্ গ্রন্থের রচয়িতা কে? তাঁর লেখা অপর গ্রন্থগুলির নাম লেখ।**

উঃ মূল গ্রন্থটির নাম দশকুমারচরিতম্। রচয়িতা হলেন দণ্ডী। দণ্ডীর লেখা তিনটি গ্রন্থ হল—দশকুমারচরিতম্, কাব্যাদর্শ ও অবন্তিসুন্দরীকথা।

**২। রাজবাহনচরিতম্ কোন্ গ্রন্থ থেকে নেওয়া? এটা কি জাতীয় গ্রন্থ?**

উঃ দশকুমারচরিতম্ থেকে উদ্ধৃত। এটি আখ্যায়িকা শ্রেণীর গদ্যকাব্য।

**৩। দশকুমারচরিতের রচয়িতা কে? তাঁর লেখা অন্য গ্রন্থের নাম লেখ।**

উঃ দশকুমারচরিতের রচয়িতা হলেন দণ্ডী। তাঁর লেখা অন্য গ্রন্থ দু'টি হল—কাব্যাদর্শ ও অবন্তিসুন্দরীকথা।

**৪। দশকুমারচরিতের কোন্ পরিচ্ছেদে রাজবাহনের গল্পটি আছে?**

উঃ দশকুমারচরিতের মূল অংশের প্রথম পরিচ্ছেদে (উচ্ছ্বাস) রাজবাহনের গল্পটি আছে।

**৫। রাজবাহনের দু'জন বন্ধুর নাম লেখ।**

উঃ রাজবাহনের দু'জন বন্ধু হ'ল—পুষ্পোদ্ভব, অপহারবর্মা।

**৬। দশকুমারচরিতের দশজন কুমারের নাম উল্লেখ কর।**

উঃ দশজন কুমার হলেন—রাজবাহন, উপহারবর্মা, অপহারবর্মা, মিত্রগুপ্ত, মন্ত্রগুপ্ত, অর্থপাল, বিশ্রুত, পুষ্পোদ্ভব, প্রমতি ও সোমদত্ত।

**৭। বালচন্দ্রিকা কে? তার স্বামী কে? রাজবাহনের কাহিনীতে তার কি ভূমিকা ছিল?**

উঃ উজ্জয়িনী নগরের এক বণিকের রূপবতী কন্যা হলেন বালচন্দ্রিকা। চণ্ডবর্মার ভাই দারুবর্মা তার রূপে আকৃষ্ট হয়ে তাকে বিবাহ করার চেষ্টা করলে পুষ্পোদ্ভব দারুবর্মাকে হত্যা করে বালচন্দ্রিকাকে বিবাহ করেন। বালচন্দ্রিকার স্বামী পুষ্পোদ্ভব।

রাজবাহনের কাহিনীতে চণ্ডবর্মা রাজবাহনকে বালচন্দ্রিকার স্বামী পুষ্পোদ্ভবের বন্ধু বলে চিনতে পারে। তাই অত্যন্ত নিষ্ঠুরভাবে কন্যান্তপুরদূষণকারী তাকে হাত ধরে টেনে নিয়ে গিয়ে পিঞ্জরাবদ্ধ করে এবং তার ভাইয়ের হত্যাকারী বালচন্দ্রিকার স্বামী পুষ্পোদ্ভবের উপর রেগে তাঁর আত্মীয়বর্গবন্ধুজন সহ সমস্ত সম্পত্তি বাজেয়াপ্ত করে তাদের বন্দী করেন।

**৮। বীরশেখর কে?**

উঃ ইক্ষ্বাকু বংশের রাজা বেগবানের পৌত্র তথা মানসবেগের পুত্র বীরশেখর ছিলেন. বিদ্যাধর। ইনি রজতশৃঙ্খলে পরিণতা সুরতমঞ্জরীকে হিমালয়ে পেয়েছিলেন।

**৯। অপহারবর্মা কে?**

উঃ রাজবাহনের পিতা মগধরাজ রাজহংসের মিত্র ছিলেন মিথিলারাজ প্রহারবর্মা। তাঁরই পুত্র অপহারবর্মা। ইনি সর্বসমক্ষে বিবাহানুষ্ঠানরত চণ্ডবর্মাকে হত্যা করেন।

Scanned with CamScanner

## ১ নম্বরের প্রশ্ন ও উত্তর

**১। রামায়ণকে সংস্কৃত সাহিত্যে কী নামে অভিহিত করা হয়?**
উত্তর। রামায়ণকে সংস্কৃত সাহিত্যে আদিকাব্য নামে অভিহিত করা হয়।
**২। রামায়ণের রচয়িতা কে?**
উত্তর। রামায়ণের রচয়িতা বাল্মীকি মুনি।
**৩। সংস্কৃত সাহিত্যের কোন্ কবিকে আদি কবি নামে অভিহিত করা হয়?**
উত্তর। রামায়ণের কবি বাল্মীকি মুনিকে আদি কবি নামে অভিহিত করা হয়।
**৪। রামায়ণের বিভিন্ন ভাগগুলিকে কী নামে অভিহিত করা হয়?**
উত্তর। রামায়ণের বিভিন্ন ভাগগুলিকে 'কাণ্ড' নামে অভিহিত করা হয়।
**৫। রামায়ণের কোন্ কোন্ কাণ্ডকে প্রক্ষিপ্ত বলা হয়?**
উত্তর। রামায়ণের বালকাণ্ড ও উত্তরকাণ্ডকে প্রক্ষিপ্ত বলা হয়।
**৬। রামায়ণের শ্লোকসংখ্যা কত?**
উত্তর। রামায়ণের শ্লোকসংখ্যা চব্বিশ হাজার।
**৭। রামায়ণের রচনাকাল আনুমানিক কত খ্রীষ্টাব্দ?**
উত্তর। রামায়ণের রচনাকাল আনুমানিক খ্রীষ্টপূর্ব তৃতীয় শতক থেকে খ্রীষ্টীয় দ্বিতীয় শতক।
**৮। বাল্মীকির রামায়ণে মুখ্যত কোন্ বংশীয় নৃপতির কাহিনী বর্ণিত হয়েছে?**
উত্তর। বাল্মীকির রামায়ণে মুখ্যত সূর্যবংশীয় নৃপতিদের কাহিনী বর্ণিত হয়েছে।
**৯। মহাভারতের রচয়িতা কে?**
উত্তর। মহাভারতের রচয়িতা মহর্ষি ব্যাসদেব।
**১০। মহাভারতের ভাগগুলিকে কী নামে অভিহিত করা হয়?**
উত্তর। মহাভারতের ভাগগুলিকে 'পর্ব' নামে অভিহিত করা হয়।
**১১। মহাভারতে কাদের মধ্যে বিরোধ মুখ্য হয়ে উঠেছে?**
উত্তর। মহাভারতে পাণ্ডব ও কৌরবদের মধ্যে বিরোধ মুখ্য হয়ে উঠেছে।
**১২। মহাভারতে উভয় পক্ষের মধ্যে বিরোধের মুখ্য কারণ কী?**
উত্তর। মহাভারতে উভয় পক্ষের মধ্যে বিরোধের মুখ্য কারণ কুরুরাজ্যের অধিকার।
**১৩। মহাভারত সংস্কৃত সাহিত্যে কোন্ শ্রেণীর অন্তর্ভুক্ত?**
উত্তর। মহাভারত সংস্কৃত সাহিত্যে মহাকাব্য (প্রাচীন মতে ইতিহাস) শ্রেণীর অন্তর্ভুক্ত।
**১৪। মহাভারতের শ্লোকসংখ্যা আনুমানিক কত?**
উত্তর। মহাভারতের শ্লোকসংখ্যা আনুমানিক শত সহস্র বা এক লক্ষ।
**১৫। কোন্ বংশীয়গণের কাহিনী মহাভারতে স্থান লাভ করেছে?**
উত্তর। কুরু বা চন্দ্রবংশীয়গণের কাহিনী মহাভারতে স্থান লাভ করেছে।
**১৬। মহাভারতের রচনায় কয়টি স্তর উল্লিখিত হয়েছে?**
উত্তর। মহাভারতের রচনায় তিনটি স্তর উল্লিখিত হয়েছে।

Scanned with CamScanner

## এক নম্বরের প্রশ্ন ও উত্তর

**১। 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকের উৎস কী?**
উত্তর। 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকের উৎস মহাভারতের শকুন্তলোপাখ্যান।
**২। অভিজ্ঞানশকুন্তলম্ নাটকের গ্রন্থকার কে?**
উত্তর। অভিজ্ঞানশকুন্তলম্ নাটকের গ্রন্থকার মহাকবি কালিদাস।
**৩। অভিজ্ঞানশকুন্তলম্ নাটকের নান্দীতে কার কাছে রক্ষা প্রার্থনা করা হয়েছে?**
উত্তর। অভিজ্ঞানশকুন্তলম্ নাটকের নান্দীতে শিবের কাছে রক্ষা প্রার্থনা করা হয়েছে।
**৪। নান্দীশ্লোকে ঈশ্বরের কটি তনুর উল্লেখ করা হয়েছে?**
উত্তর। নান্দীশ্লোকে ঈশ্বরের আটটি তনুর উল্লেখ করা হয়েছে।
**৫। কে নান্দী পাঠ করেন?**
উত্তর। সূত্রধার নান্দী পাঠ করেন।
**৬। বিধাতার আদি সৃষ্টি কী?**
উত্তর। বিধাতার আদি সৃষ্টি জল।
**৭। বিধাতার কোন্ দুটি সৃষ্টি কালের বিধান করে?**
উত্তর। বিধাতার সৃষ্টি সূর্য ও চন্দ্র কালের বিধান করে।
**৮। বিধাতার কোন্ সৃষ্টিকে সর্বভূতের প্রকৃতি বলা হয়?**
উত্তর। বিধাতার সৃষ্টি পৃথিবীকে সর্বভূতের প্রকৃতি বলা হয়।
**৯। বিধাতার কোন্ সৃষ্টি দ্বারা প্রাণীরা প্রাণবান হয়?**
উত্তর। বিধাতার সৃষ্টি বায়ুর দ্বারা প্রাণীরা প্রাণবান হয়।
**১০। অভিজ্ঞানশকুন্তলম্ নাটকের নান্দী কোন্ শ্রেণীর?**
উত্তর। অভিজ্ঞানশকুন্তলম্ নাটকের নান্দী অষ্টপদা পত্রাবলী শ্রেণীর।
**১১। সূত্রধারের পত্নীর নাম কী?**
উত্তর। সূত্রধারের পত্নীর নাম নটী।
**১২। সূত্রধারবর্ণিত 'পরিষৎ' কেমন ছিল?**
উত্তর। সূত্রধার বর্ণিত পরিষৎ ছিল অভিরূপভূয়িষ্ঠা অর্থাৎ বিদগ্ধ রসিক দর্শকে ভরা।
**১৩। কাদের পরিতোষের উপর প্রয়োগবিজ্ঞানকে সাধু বলে মনে করা হয়?**
উত্তর। বিদ্বানগণের পরিতোষের উপর প্রয়োগবিজ্ঞানকে সাধু বলে মনে করা হয়।
**১৪। দৃঢ় হলেও কাদের চিত্ত নিজ বিষয়ে শঙ্কিত হয়?**
উত্তর। দৃঢ় হলেও শিক্ষিতদের চিত্ত নিজ বিষয়ে শঙ্কিত হয়।
**১৫। সংস্কৃত নাটকে কাকে আর্যপুত্র বলা হয়?**
উত্তর। সংস্কৃত নাটকে স্বামীকে আর্যপুত্র বলা হয়।
**১৬। সূত্রধার নটীকে গান গাইতে বললেন কীজন্য?**
উত্তর। সূত্রধার নটীকে গান গাইতে বললেন দর্শকদের কর্ণের আনন্দবিধানের জন্য।

Scanned with CamScanner